

দৈনিক বাংলা

ঢাবি 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান' ইউনিটের ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা ২৫ জানুয়ারি শনিবার সূষ্ঠ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত

হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ দেশের অন্য ৭টি বিভাগীয় শহরে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কলা ভবন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ভর্তি পরীক্ষা সূষ্ঠ ও

শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। যথাযথভাবে নিয়মনীতি অনুসরণ করে স্বচ্ছ ও সুশৃঙ্খলভাবে এই ভর্তি পরীক্ষা আয়োজনে সহযোগিতা করায় তিনি সংশ্লিষ্ট সব অংশীজনকে আন্তরিক ধন্যবাদ জানান।

এই ইউনিটে মোট ২ হাজার ৯৩৪ টি আসনের বিপরীতে ১ লাখ ২৫ হাজার ৫০০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করে। এর মধ্যে মানবিক শাখায় ১ হাজার ৭০৭টি আসনের বিপরীতে ৫৫ হাজার ১৬৫ জন, বিজ্ঞান শাখায় ৯৪৪টি আসনের বিপরীতে ৫৬ হাজার ৩৩০ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ২৮৩টি আসনের বিপরীতে ১৪ হাজার ৫ জন আবেদন করেন। বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান' ইউনিটের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গত শনিবার সূষ্ঠ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কলা ভবন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন। ছবি: ঢাবি জনসংযোগ



যায়যায়দিন

∞ শিক্ষা সংক্ষেপ ∞



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারির পরিবর্তে ১৫ ফেব্রুয়ারি নেওয়া হবে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ঢাবির বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য সর্বাধিক ১ লাখ ৩৫ হাজার শিক্ষার্থী আবেদন করেছেন। বিশ্ব ইজতেমার প্রথম পর্বের মনোজাতের কারণে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। এ পরীক্ষা হবে ১৫ ফেব্রুয়ারি বেলা ১১টায়। গাজীপুরের টঙ্গীতে দুই পর্বে হবে বিশ্ব ইজতেমা। এর মধ্যে প্রথম পর্ব হবে আগামী ৩১ জানুয়ারি থেকে ২ ফেব্রুয়ারি পর্যন্ত এবং দ্বিতীয় পর্ব হবে ৭ থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত।